# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৩৭

১৭. যুদ্ধাভিযান অধ্যায় (كتاب السير)

পরিচ্ছেদঃ ৫৬. মুশরিকদের পাত্রে পান করা প্রসঙ্গে

بَاب فِي الشُّرْبِ فِي آنِيَةِ الْمُشْرِكِينَ

আরবী

أَخْبَرَنَا أَبُو عَاصِمٍ عَنْ حَيْوَةَ بْنِ شُرَيْحٍ حَدَّثَنِي رَبِيعَةُ بْنُ يَزِيدَ حَدَّثَنِي أَبُو إِدْرِيسَ حَدَّثَنِي أَبُو ثَعْلَبَةَ قَالَ أَتَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنَّا بِأَرْضِ أَهْلِ الْكِتَابِ فَنَأْكُلُ فِي آنِيَتِهِمْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنْ كُنْتَ بِأَرْضٍ كَمَا ذَكَرْتَ فَلَا تَأْكُلُوا فِي آنِيَتِهِمْ إِلَّا أَنْ لَا تَجِدُوا مِنْهَا بُدًّا فَإِنْ لَمْ تَجِدُوا مِنْهَا بُدًّا فَاغْسِلُوهَا ثُمَّ كُلُوا فِيهَا

বাংলা

২৫৩৭. আবূ সা'লাবা আল খুশানী রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললামঃ হে আল্লাহর নবী! আমরা আহলে কিতাব সম্প্রদায়ের এলাকায় বসবাস করি। আমরা তাদের পাত্রে খায়। উত্তরে তিনি বললেনঃ “তুমি যে এলাকার কথা উল্লেখ করলে, যদি তুমি সেই এলাকায় বসবাস কর, সেক্ষেত্রে তুমি নিরুপায় না হলে তাদের পাত্রে খাবে না। আর যদি নিরুপায় হয়ে পড়, তাহলে তাদের পাত্রগুলো ধুয়ে নিয়ে তাতে আহার কর।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। এটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, যাবাইহ ওয়াস সইদ ৫৪৭৮; মুসলিম, সইদ ওয়াস যাবাইহ ১৯৩০।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫৮৭৯ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🔲 বর্ণনাকারীঃ আবূ সা‘লাবাহ্‌ আল খুশানী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82820

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন